



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

Website: www.bscic.gov.bd, E-mail: info@bscic.gov.bd



নং- ৩৬.০২.০০০০.০০৩.০৬.০০১.১১/ ২৬৬

তারিখ: ০৬ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

অফিস আদেশ

মাগুরা জেলায় শিল্প পার্ক স্থাপনের লক্ষ্যে মাগুরা সদর উপজেলার ৭৮ নং সাচানী রাউতারা মৌজায় ১২০.৮০ একর, ৮১ নং গৌরিচরণপুর মৌজায় ৮.৫৭ একর, ৮২ নং নন্দলাল পুর মৌজায় ৬৩.৬৫৫০ একর এবং ৮৩ নং উত্তর নওয়াপাড়া মৌজায় ০.৫৮ একর সর্বমোট ১৯৩.৬০৫০ একর জমির অবস্থান, অবকাঠামোগত সুবিধাদি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয় বিবেচনার জন্য বিসিকের কর্মকর্তা, মাগুরা জেলা প্রশাসনের প্রতিনিধি সমন্বয়ে নিম্নে বর্ণিত ৬ (ছয়) সদস্য বিশিষ্ট একটি সম্ভাব্যতা যাচাই কমিটি গঠন করা হলো।

সম্ভাব্যতা যাচাই কমিটি:

ক্র: নং	কর্মকর্তার নাম ও পদবি	কমিটিতে অবস্থান
০১.	পরিচালক (পরিকল্পনা ও গবেষণা), বিসিক, ঢাকা।	আহ্বায়ক
০২.	উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা), বিসিক, ঢাকা।	সদস্য
০৩.	জেলা প্রশাসন, মাগুরা এর প্রতিনিধি	সদস্য
০৪.	শিল্প সহায়ক কেন্দ্র প্রধান, বিসিক, মাগুরা	সদস্য
০৫.	নির্বাহী প্রকৌশলী, পুরকৌশল শাখা, বিসিক, ঢাকা	সদস্য
০৬.	পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা শাখা, বিসিক, ঢাকা	সদস্য-সচিব

কার্যপরিধি (TOR)

ক.	কমিটি মাগুরা জেলার সদর উপজেলার জেলা প্রশাসন কর্তৃক প্রেরিত মৌজাসহ অন্যান্য মৌজায় 'বিসিক শিল্পপার্ক, মাগুরা' স্থাপনের জন্য সরেজমিনে সম্ভাব্য স্থান পরিদর্শন করবে;
খ.	স্থান পরিদর্শনের সময় নির্বাচিত স্থানের অবকাঠামোগত সুযোগ সুবিধাদি বিবেচনা করবে;
গ.	কমিটি জেলা প্রশাসন হতে জমির প্রকৃতি, মৌজা ম্যাপ, সম্ভাব্য স্থানের বাজার মূল্য, সম্ভাব্য স্থানের ছবি ও লোকেশন ম্যাপ সংগ্রহ করে সুপারিশ সম্বলিত প্রতিবেদন প্রণয়ন করবে;
ঘ.	প্রাসঙ্গিক অন্যান্য বিষয় বিবেচনা ও মতামত প্রদান করবে;
ঙ.	কমিটি প্রয়োজন অনুযায়ী যে কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

- ০২। কমিটি অফিস আদেশ জারির ২১ (একুশ) কার্যদিবসের মধ্যে চেয়ারম্যান, বিসিক বরাবর প্রতিবেদন দাখিল করবে।
এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে করপোশেনের স্বার্থে জারি করা হলো।

(মো: মফিদুল ইসলাম)

সচিব

বিসিক, ঢাকা।

ফোন: ৯৫৫৩৪৯০

বিতরণ:

০১. কমিটির সকল সদস্য.....০৬ (ছয়) জন।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। পরিচালক (অর্থ/ শিল্প উন্নয়ন ও সম্প্রসারণ/পরিকল্পনা ও গবেষণা/ প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন), বিসিক, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মাগুরা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ)।
০৩। প্রধান প্রকৌশলী, পুরকৌশল শাখা, বিসিক, ঢাকা।
০৪। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।
০৫। প্রধান নিরীক্ষা কর্মকর্তা, নিরীক্ষা বিভাগ, বিসিক, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা ও গবেষণা), বিসিক, ঢাকা।
০৭। উপব্যবস্থাপক, শিল্প সহায়ক কেন্দ্র, বিসিক, মাগুরা।
০৮। চেয়ারম্যানের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। অফিস আদেশ বই।